# স্বাধীনতার পূর্ববর্তী ও পরবর্তী বাংলা কথাসাহিত্য

## (নির্বাচিত সাহিত্যিকগণ)

ড. কুশল চ্যাটার্জী, স্টেট এইডেড কলেজ টিচার, বাংলা বিভাগ, ঋষি বঙ্কিম চন্দ্র ইভিনিং কলেজ, নৈহাটী

---

## স্বাধীনতার পূর্ববর্তী বাংলা কথাসাহিত্য

১. অদ্ভুত রসাত্মক রূপকথার ধারার ২জন রচয়িতার নাম ও তাঁদের ১টি ক'রে রচনার নাম উল্লেখ করুন।

উ : *সুশীল মন্ত্রী* -দ্বারকাথ রায়, *বাসন্তিকা* -জগদীশ তর্কালঙ্কার

২. বাংলা ভাষার প্রথম উপন্যাস হিসেবে কেউ কেউ কোন্ গ্রন্থটিকে বিবেচনা করেন?

উ: হ্যানা ক্যাথেরিনের *ফুলমণি ও করুণার বিবরণ*

৩. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের আগে উপন্যাস রচনায় প্রয়াসী হয়েছিলেন এমন ১জন সাহিত্যিকের নাম ও তাঁর রচনার নাম উল্লেখ করুন।

উ: গোপীমোহন ঘোষ ; *বিজয়বল্লভ*

৪. *ঐতিহাসিক উপন্যাস* কার লেখা? এর ক'টি অংশ ও কি, কি?

উ: ভূদেব মুখোপাধ্যায় ; ২টি- *সফল স্বপ্ন* ও *অঙ্গুরীয় বিনিময়*

৫. *কপালকুণ্ডলা* ও *রাজসিংহ* উপন্যাস-দু'টির প্রকাশকাল উল্লেখ করুন।

উ: ১৮৬৬ ও ১৮৮২

৬. বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস কোনটি?

উ: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের *দুর্গেশনন্দিনী*

৭. বঙ্কিমচন্ত্র চট্টোপাধ্যায়ের দেশাত্মবোধক উপন্যাস কোনগুলি?

উ: *আনন্দমঠ* ও *দেবী চৌধুরাণী*

৮. *বিষবৃক্ষ* ও *রাজপুত* জীবনসন্ধ্যা কার, কার লেখা?

উ: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ও রমেশচন্দ্র দত্ত

৯. *পালামৌ* কার লেখা?

উ: সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়

১০. *স্বর্ণলতা* উপন্যাসটি কার লেখা?

উ: তারকনাথ গঙ্গোপাধ্যায়

১১. *বঙ্গাধিপ পরাজয়* কার লেখা?

উ: প্রতাপচন্দ্র ঘোষ

১২. শিবনাথ শাস্ত্রী'র ২টি উপন্যাসের নাম উল্লেখ করুন।

উ: *মেজবৌ* ও *বিধবার ছেলে*

১৩. *কঙ্কাবতী* ও *ফোকলা দিগম্বর* কার লেখা?

উ: ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়

১৪. স্বর্ণকুমারী দেবী'র ২টি উপন্যাসের নাম উল্লেক করুন।

উ: *দীপনির্বাণ* ও *কাহাকে*

১৫. *বাল্মীকির জয়* কার লেখা?

উ: হরপ্রসাদ শাস্ত্রী

১৬. *মহারাজ নন্দকুমার* কার লেখা?

উ: চন্ডীচরণ সেন

১৭. শ্রীশচন্দ্র মজুমদারের ১টি উপন্যাসের নাম উল্লেখ করুন।

উ: *ফুলজানি*

১৮. রবীন্দ্রনাথ ঠাকুরের তত্ত্ব-দেশাত্ম-বিশ্বাত্মমূলক উপন্যাসটির নাম কি?

উ: *গোরা*

১৯. নিখিলেশ-বিমলা-সন্দীপ রবীন্দ্রনাথ ঠাকুরের কোন্ উপন্যাসের চরিত্র?

উ: *ঘরে বাইরে*

২০. রবীন্দ্রনাথ ঠাকুরের সচেতন মনস্তাত্ত্বিক উপন্যাস কোনটি?

উ: *চোখের বালি*

২১. রবীন্দ্রনাথ ঠাকুরের এমন ১টি ছোটগল্পের নাম উল্লেখ করুন যেখানে ভৌতিক পরিবেশ সৃষ্টির প্রয়াস দেখা গেছে।

উ: *মণিহারা*

Dr. Kushal Chatterjee

২২. পরিবেশের সাথে মানবাত্মর সম্পর্কের কথা ব্যক্ত হয়েছে রবীন্দ্রনাথ ঠাকুরের এমন ১টি ছোটগল্পের নাম উল্লেখ করুন।
উ: *অতিথি*
২৩. *ঠাকুরমার ঝুলি* গ্রন্থটির সাথে কার নাম যুক্ত আছে?
উ: দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার
২৪. *মাতৃহীন* নামে কোন্-দু'জন সাহিত্য রচনা করেছেন?
উ: প্রভাতকুমার মুখোপাধ্যায় ও ইন্দিরা দেবী
২৫. *মহাস্থবির জাতক* উপন্যাসটির রচয়িতা কে?
উ: প্রেমাঙ্কুর আতর্থী
২৬. বিভূতিভূষণ নামে কোন্-তিনজন কথাসাহিত্যিকের পরিচয় পাওয়া যায়?
উ: বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, বিভূতিভূষণ মুখোপাধ্যায় ও বিভূতিভূষণ ভট্ট
২৭. *চার-ইয়ারী* কথা গ্রন্থটির রচয়িতা কে?
উ: প্রমথ চৌধুরী
২৮. রবীন্দ্রনাথ ঠাকুর ছাড়া আর কোন্ সাহিত্যিক *পোষ্টমাষ্টার* নামে গল্প লিখেছেন?
উ: প্রভাতকুমার মুখোপাধ্যায়
২৯. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের দেশাত্মবোধক উপন্যাসটির নাম কি?
উ: *পথের দাবী*
৩০. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের অঙ্কিত বিখ্যাত চরিত্র সব্যসাচী ও গিরিশ মহাপাত্র চরিত্র (একই ব্যক্তি) তাঁর কোন্ উপন্যাসের অন্তর্গত?
উ: *পথের দাবী*
৩১. মহিম-আচলা-সুরেশের কাহিনী কোন্ উপন্যাসে বর্ণিত আছে?
উ: শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের *গৃহদাহ*
৩২. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের অঙ্কিত বিখ্যাত ইন্দ্রনাথ চরিত্রটি তাঁর কোন্ উপন্যাসের অন্তর্গত?
উ: *শ্রীকান্ত* (১ম পর্ব)
৩৩. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের অঙ্কিত বিখ্যাত বিশ্বেশ্বরী চরিত্র তাঁর কোন্ উপন্যাসের অন্তর্গত?
উ: *পল্লীসমাজ*
৩৪. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের *মহেশ* গল্পে মহেশ আসলে কি?
উ: ষাঁড়
৩৫. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের আত্মজৈবনিক উপন্যাস হিসেবে কোন্ উপন্যাসটি বিবেচিত হয়?
উ : *শ্রীকান্ত*
৩৬. *গড্ডলিকা, হনুমানের স্বপ্ন, বিরিঞ্চিবাবা*--এগুলির রচয়িতা কে?
উ: পরশুরাম উপাধিক রাজশেখর বসু
৩৭. মানব-মনের কালো দিকটি কার লেখায় প্রায়শঃই ফুটে উঠতে দেখা গেছে?
উ: জগদীশ গুপ্ত
৩৮. *পথের পাঁচালী* উপন্যাসের পরবর্তী অংশ (উপন্যাস)-এর নাম কি?
উ: *অপারাজিত*
৩৯. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের *আরণ্যক* উপন্যাসটি লেখার পেছনে তাঁর কোন্ ব্যক্তিগত অভিজ্ঞতা কাজ করেছিলো?
উ: খেলাত ঘোষের এস্টেটে কাজের সুবাদে বিহারের অরণ্য-প্রকৃতির সাথে পরিচিত হওয়া
৪০. অবিস্মরণীয়া চরিত্র অনঙ্গবৌ কোন্ উপন্যাসের চরিত্র?
উ: *অশনি-সংকেত*
৪১. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ২টি ছোটগল্পের নাম উল্লেখ করুন।
উ : *মৌরিফুল* ও *মেঘমল্লার*
৪২. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কোন্ উপন্যাসের প্রথম নাম ছিলো *জমিদারের মেয়ে* ?
উ : *ধাত্রীদেবতা*
৪৩. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের নিজের চরিত্রের ছায়া পরেছে তাঁর রচিত কোন্ চরিত্রে ব'লে অনেকে মনে করেন?
উ: শিবনাথ (*ধাত্রীদেবতা*)
৪৪. কবিগান ও ঝুমুর দলের কথা আছে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কোন্ উপন্যাসে?
উ: *কবি*
৪৫. *ইঁদুর* গল্পটি কার লেখা?
উ : সোমেন চন্দ
৪৬. শশী ডাক্তার চরিত্রটি কার লেখা, কোন্ উপন্যাসের অন্তর্গত ?
উ: মানিক বন্দ্যোপধ্যায়ের *পুতুলনাচের ইতিকথা*
৪৭. পদ্মাপারের জেলেদের জীবন নিয়ে লেখা মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসটির নাম কি?
Dr. Kushal Chatterjee

উ: *পদ্মানদীর মাঝি*

৪৮. তেভাগা আন্দোলোনের পটভূমিতে লেখা মানিক বন্দ্যোপাধ্যায়ের ১টি ছোটগল্পের নাম উল্লেখ করুন।

উ: *হারানের নাতজামাই*

৪৯. *ছোটবকুলপুরের যাত্রী* গল্পের রচয়িতা কে?

উ: মানিক বন্দ্যোপাধ্যায়

৫০. *পাঁক* উপন্যাসটি কার লেখা?

উ: প্রেমেন্দ্র মিত্র

৫১. *বেদে* উপন্যাসটি কার লেখা ?

উ: অচিন্ত্যকুমার সেনগুপ্ত

৫২. *তৃণখণ্ড* উপন্যসটি কর লেখা?

উ: বলাইচাঁদ মুখোপাধ্যায়

৫৩. *কয়ালাকুঠির দেশ* উপন্যাসটির রচয়িতা কে?

উ: শৈলজানন্দ মুখোপাধ্যায়

৫৪. *জাগরী* উপন্যাসটি কার লেখা?

উ: সতীনাথ ভাদুড়ী

৫৫. *একদা* উপন্যাসটির রচয়িত কে?

উ: গোপাল হালদার

## স্বাধীনতার পরবর্তী বাংলা কথাসাহিত্য

১. *তুঙ্গভদ্রার তীরে* উপন্যাসটির রচয়িতা কে?

উ: শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

২. বিখ্যাত গোয়েন্দা চরিত্র ব্যোমকেশ বক্সি'র রচয়িতা কে?

উ: শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

৩. *মাল্যবান* উপন্যাসটি কর লেখা?

উ: জীবনানন্দ দাশ

৪. *ঢোঁড়াই চরিত মানস* উপন্যাসটি কার লেখা?

উ: সতীনাথ ভাদুড়ী

৫. *মন্থন* উপন্যাসটি কার লেখা?

উ: অমরেন্দ্রনাথ ঘোষ

৬. *তুমি কি সুন্দর* উপন্যাসটি কার লেখা?

উ: বুদ্ধদেব বসু

৭. *বলয়গ্রাস* উপন্যাসটি কার লেখা?

উ: আশাপূর্ণা দেবী

৮. *প্রথম প্রতিশ্রুতি, সুবর্ণলতা, বকুলকথা* উপন্যাসগুলির রচয়িতা কে?

উ: আশাপূর্ণা দেবী

৯. *শতকীয়া* উপন্যাসটি কার লেখা?

উ: সুবোধ ঘোষ

১০. *কোনি* উপন্যাসটি কার লেখা?

উ: মতি নন্দী

১১. ধনিয়া কার লেখা, কোন গল্পের চরিত্র?

উ: সুবোধ ঘোষের *পরশুরামের কুঠার*

১২. *কড়ি দিয়ে কিনলাম* কার উপন্যাস?

উ: বিমল মিত্র

১৩. *বারো ঘর এক উঠোন* কার উপন্যাস?

উ: জ্যোতিরিন্দ্র নন্দী

১৪. *নিম অন্নপূর্ণা* কার গল্পগ্রন্থ ?

উ: কমলকুমার মজুমদর

১৫. *তিতাস একটি নদীর নাম* কার লেখা উপন্যাস?

Dr. Kushal Chatterjee

উ: অদ্বৈত মল্লবর্মণ

১৬. *সূর্যসাক্ষী* কার উপন্যাস?

উ: নরেন্দ্রনাথ মিত্র

১৭. *লালমাটি* উপন্যাসটি কার লেখা?

উ: নারয়ণ গঙ্গোপাধ্যায়

১৮. বিখ্যাত সাহিত্যিক চরিত্র টেনিদা'র রচয়িতা কে?

উ: নারায়ণ গঙ্গোপাধ্যায়

১৯. *পাঞ্চজন্য* উপন্যাসটির রচয়িতা কে?

উ: গজেন্দ্রকুমার মিত্র

২০. *পৌষ ফাগুনের পালা* উপন্যাসটি কার রচনা?

উ: গজেন্দ্রকুমার মিত্র

২১. *দেওয়াল* উপন্যাসটি কার লেখা?

উ: বিমল কর

২২. *লাল সালু* উপন্যাসটি কার লেখা?

উ: সৈয়দ ওয়ালীউল্লাহ

২৩ সৈয়দ ওয়ালীউল্লহের আসাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গীর পরিচয় পাওয়া যায় কোন্ গল্পে?

উ: *একটি তুলসীগাছের কাহিনী*

২৪. *বিটি রোডের ধরে* কার উপন্যাস?

উ: সমরেশ বসু

২৫. সমরেশ বসু'র নদীকেন্দ্রিক উপন্যাস কোন্‌টি?

উ: *গঙ্গা*

২৬. *বিবর* উপন্যাসটি কার লেখা?

উ: সমরেশ বসু

২৭. *প্রজাপতি* উপন্যাসটি কার লেখা?

উ: সমরেশ বসু

২৮. *অমৃতকুম্ভের সন্ধানে* উপন্যসটি কার লেখা?

উ: সমরেশ বসু

২৯. সিপাহী বিদ্রোহের শতবর্ষে মহাশ্বেতা দেবী কোন্ উপন্যাসটি লিখেছিলেন?

উ: *ঝাঁসির রাণী*

৩০. *ব্যাধখণ্ড* উপন্যাসটি কার লেখা?

উ: মহাশ্বেতা দেবী

৩১. *কবি বন্দ্যোঘটী গাঞীর জীবন ও মৃত্যু* উপন্যাসটি কার লেখা?

উ: মহাশ্বেতা দেবী

৩২. মুণ্ডা বিদ্রোহের আবহে লেখা মহাশ্বেতা দেবীর উপন্যাসটির নাম কি?

উ: *অরণ্যের অধিকার*

৩৩. নকশাল আন্দোলনের প্রেক্ষাপটে লেখা মহাশ্বেতা দেবীর উপন্যাসটির নাম কি?

উ: *হাজার চুরাশির মা*

৩৪. *হারুন সলেমের মাসি* গল্পটি কর লেখা?

উ: মহাশ্বেতা দেবী

৩৫. *বন পলাশীর পদাবলী* উপন্যাসটির রচয়িতা কে?

উ: রমাপদ চৌধুরী

৩৬. *পদিপিসির বর্মিবাক্স* কার লেখা?

উ: লীলা মজুমদার

৩৭. *ঘুণপোকা* কার লেখা উপন্যাস?

উ: শীর্ষেন্দু মুখোপাধ্যায়

৩৮. *দানব ও দেবতা* কার লেখা উপন্যাস?

উ: সঞ্জীব চট্টোপাধ্যায়

৩৯. *চন্দ্রায়ণ* কার লেখা উপন্যাস?

উ: বুদ্ধদেব গুহ

৪০. *কেয়াপাতার নৌকো* কার উপন্যাস?

উ: প্রফুল্ল রায়

Dr. Kushal Chatterjee

৪১. *তিস্তাপারের বৃত্তান্ত* কার লেখা?

উ: দেবেশ রায়

৪২. (স্বাধীনতা-পরবর্তী কালে) কার অধিকাংশ ছোটগল্পে আঞ্চলিক ভাষার সফল প্রয়োগ লক্ষ্য করা যায়?

উ: ভগীরথ মিশ্র

৪৩. *নীলকণ্ঠ পাখির খোঁজে* কার রচনা ?

উ: অতীন বন্দ্যোপাধ্যায়

৪৪. *অলৌকিক জলযান* কার লেখা?

উ: অতীন বন্দ্যোপাধ্যায়

৪৫. *কালবেলা* উপন্যাসটি কার লেখা?

উ: সমরেশ মজুমদার

৪৬. *সাহেব বিবি গোলাম* কার লেখা?

উ: বিমল মিত্র

৪৭. *লজ্জা* কার লেখা?

উ: তসলিমা নাসরিন

৪৮. *খনা মিহিরের ঢিপি* কার লেখা?

উ: বাণী বসু

৪৯. বিখ্যাত সাহিত্যিক চরিত্র কাকাবাবু'র স্রষ্টা কে?

উ: সুনীল গঙ্গোপাধ্যায়

৫০. *পূর্ব-পশ্চিম* উপন্যাসটির রচয়িতা কে?

উ: সুনীল গঙ্গোপাধ্যায়

৫১. *চরণ ছুঁয়ে যাই* কার উপন্যাস?

উ: শংকর

৫২. *শঙ্খগড়ের ভ্যাম্পায়ার রহস্য* কার লেখা ?

উ: সৈয়দ মুস্তাফা সিরাজ

৫৩. *দেশে বিদেশে* কার লেখা?

উ: সৈয়দ মুজতবা আলী

৫৪. *চাচা কাহিনী* কার লেখা?

উ: সৈয়দ মুজতবা আলী

৫৫. ফেলুদা, প্রফেসর শঙ্কু, তারিণী খুড়ো চরিত্রগুলির রচয়িতা কে?

উ: সত্যজিৎ রায়

-X-

Dr. Kushal Chatterjee